



ই-মেইল/জি,ই,পি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা
khulnavathq@gmail.com, Fax-০৪১-৭৬০৭৫৮

নথি নং-২য়/৭(৩)১/ইটি/৯৮(অংশ-১)/ ১৫৪৩

তারিখ : ২৭/০৮/২০১৮খ্রিঃ

প্রাপক : সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন)
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী প্রেষণে পদস্থকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সানুগ্রহ দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। অর্থমন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকার পত্র নং-০৮.০০.০০০০.০৩৮.১১.০৫৪.২০১২.৬৯৭/১(৫), তারিখ : ০২/১২/২০১৪খ্রিঃ এর মাধ্যমে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনায় সরাসরি কোটার বিপরীতে ৩য় ও ৪র্থ শ্রেণীর বিভিন্ন পদে ১১৭ জন জনবল নিয়োগের ছাড়পত্র পাওয়া যায়। ছাড়পত্র প্রাপ্ত পদসমূহের মধ্য হতে এ দপ্তরের ১১ জন “কাজ নাই মজুরী নাই”(কানামনা) ভিত্তিতে কাজ করার অনুমতিপ্রাপ্তগণ ছাড়পত্রপ্রাপ্ত অফিস সহায়ক (এম এল এস এস) পদে নিয়োগ প্রাপ্তির জন্য মাননীয় সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে ছাড়পত্র প্রাপ্ত পদসমূহে নিয়োগ প্রদানের বিরুদ্ধে রীট পিটিশন নং- ৩৭৩৩/১৫ দায়ের করেন। এর ফলে মাননীয় হাইকোর্ট বিভাগের আদেশ অনুযায়ী এ কমিশনারেটে ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগ সংক্রান্ত কার্যক্রম স্থগিত হয়ে যায়। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে বিগত ২০১৪ সাল থেকে এ কমিশনারেটে কোন জনবল নিয়োগ প্রদান করা সম্ভব হয়নি।

০৩। ইতোমধ্যে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনায় ৩য় ও ৪র্থ শ্রেণীর বিভিন্ন পদে ১৬ জন কর্মচারীর নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন হয়েছে। এ দপ্তরের পত্রের পরিপ্রেক্ষিতে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনা হতে জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০১৪.০২.০০১.১৮/১১৯(১), তারিখ : ০৭/০৮/২০১৮খ্রিঃ এর মাধ্যমে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনায় ০১ জন উচ্চমান সহকারী, ০১ জন ক্যাশিয়ার, ০১ জন অফিস সহায়ক এবং মোংলা কাস্টম হাউস, খুলনায় ০১ জন উচ্চমান সহকারী, ০১ জন গাড়ী চালক প্রেষণে পদায়ন করা হয়েছে। রীট মামলার কারণে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনায় ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগ সংক্রান্ত কার্যক্রম স্থগিত থাকার কারণে জনবলের স্বল্পতাহেতু অফিসে বিভিন্ন কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

০৪। এমতাবস্থায়, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনায় নিয়োগপ্রাপ্ত জনবলের তুলনায় কাজ কম থাকায় সেখান থেকে ০১ জন সিপাই ও ০২ জন অফিস সহায়ককে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনায় প্রেষণে কাজ করার আদেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

(কে এম আহিদুল আলম)
কমিশনার

ফোন : ০৪১-৭৬২৭৩২

ই-মেইল : khulnavathq@gmail.com

তারিখ : ২৭/০৮/২০১৮খ্রিঃ

নথি নং-২য়/৭(৩)১/ইটি/৯৮(অংশ-১)/

অনুলিপি অবগতির জন্য :

০১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনা।

(কে এম আহিদুল আলম)
কমিশনার